দৈনিক সংবাদ
তারিখ ... 01 AUG 1995
পৃষ্ঠা ৪ কলাম ২

## জা'নগর ভার্সিটির ছাত্রী বিক্ষোভ প্রসঙ্গে

গত ১৭ই জুলাই জা'নগর ভার্সিটির ফজিলাতুন্নেসা হলের ঘটনাটি প্রচন্ড দুঃখজনক। আর এর জন্য দায়ি 'জামাত পন্থী' প্রভোস্ট আব্দুল হাই। তিনি বিনা নোটিশে কিভাবে হলের গেট বন্ধের নির্দেশ দিতে পারেন? এছাড়া নারীরা প্রমাণ করেছে যে, তারা পুরুষের সমান এবং কোন কোন ক্ষেত্রে পুরুষের চেয়েও দক্ষ। আজ সারা বিশ্বে নারী স্বাধীনতা ও স্বাধিকারের জন্য আন্দোলন করছে। তাদের দাবি যুক্তিসঙ্গত। কিন্তু পুরুষশাসিত সমাজে তাদের যুক্তি ধোপে টিকছে না। উনিশ শতকের গোড়ায় বৃটিশরা যেসব আইন প্রণয়ন করে গেছে তা আজও কার্যকর। কোন নতুন আইন হয়নি। আইন সংশোধন হয়েছে মাত্র। কিন্তু সূর্যাস্ত আইন এখনও বলবৎ আছে। এর অবশ্যই রোধ হওয়া দরকার। এছাড়া নারীদের পুরুষদের সমান অধিকার সবক্ষেত্রে দেয়া দরকার। জা'নগর ভার্সিটির মতো দুঃখজনক ঘটনা যেন আর না ঘটে সে ব্যাপারে আমাদের দৃষ্টি রাখা উচিত। আর এ ব্যাপারে আমি যথাযথ কর্তৃপক্ষের সদয় দৃষ্টি কামনা করছি।

ইমতিয়াজ চৌধুরী আকাশ
সাতগাড়া, রজবপুর, রংপুর।